ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দফতর
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।
www.iau.edu.bd iauins13@gmail.com

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-৬২/২০১৬/১৫৯৪৪ তারিখ: ০১ কার্তিক ১৪৩৩ / ১৭ অক্টোবর ২০২৬

অফিস আদেশ

জোলাগাতী ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘরঃ জোলাগাতী, উপজেলাঃ কাউখালী, জেলাঃ পিরোজপুর-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষ মহোদয়ের ১৩-১০-২০২৫ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন টিমের দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ০১-০৭-২০২৩ থেকে ৩০-০৬-২০২৭ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. শিক্ষকবৃন্দের ইন হাউজ প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করার পাশাপাশি ইবতেদায়ী হতে ফাজিল স্তর পর্যন্ত শিক্ষার্থীদের উপস্থিতি ও একাডেমিক অগ্রগতি বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজন অনুযায়ী অতিরিক্ত ক্লাস পরিচালনা করতে হবে এবং শ্রেণিভিত্তিক শিক্ষককে যথাযথ দায়িত্ব প্রদান করতে হবে;

২. দেয়ালিকা, ক্লাবসমূহ, ইসলামী সাংস্কৃতিক অনুষ্ঠান, শরীরচর্চা, খেলাধুলা, বিতর্ক, প্রেজেন্টেশন ও কুইজসহ সহপাঠ্যক্রম কার্যক্রম নিয়মিত পরিচালনা করতে হবে এবং মাদরাসার যাবতীয় ব্যয় অর্থ কমিটির মাধ্যমে গভর্নিং বডির সভায় অনুমোদনসহ নিয়মিত ক্যাশবুক হালনাগাদ রাখতে হবে;

৩. লাইব্রেরির জন্য পর্যাপ্ত স্থান নিশ্চিত করে প্রয়োজনীয় বই সংগ্রহ, লাইব্রেরি সমৃদ্ধকরণ এবং শিক্ষার্থীদের মধ্যে বই বিতরণের ব্যবস্থা করতে হবে এবং শিক্ষার্থীদের ক্যারিয়ার কাউন্সেলিং কার্যক্রম চালু করতে হবে;

৪. শ্রেণিকক্ষে মূল কিতাবের মাধ্যমে পাঠদান নিশ্চিত করাসহ আইসিটি ল্যাব স্থাপনপূর্বক ফ্রিল্যান্সিং বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে;

৫. মাদরাসার অবকাঠামোগত উন্নয়ন, বিশেষত টিনশেড ভবনের প্রয়োজনীয় সংস্কার করতে হবে এবং শিক্ষার্থীদের স্বাস্থ্যসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত স্বাস্থ্যবিষয়ক সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে;

৬. মাদরাসার ব্র্যান্ডিং ও অ্যালামনাই কার্যক্রম জোরদার করতে হবে এবং ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা, ভিশন ও মিশন যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে;

৭. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়ার পাশাপাশি মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়তন/অডিটোরিয়ামকে আরও সুসজ্জিত করতঃ কম্পিউটার ল্যাব স্থাপন, ডিজিটাল হাজিরা, শিক্ষার্থীদের জন্য ড্রেস কোড, আইডি কার্ড ও মাদরাসায় সিসি টিভি, আইপিএস-এর ব্যবহার শতভাগ নিশ্চিত করতে হবে এবং প্রতি তিনমাস পরপর অভিভাবক সমাবেশ করতে হবে;

৮. আরবি ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য ভাষা ক্লাব চালু করার জন্য কার্যকরী পদক্ষেপ নিতে হবে এবং ছুটির রেজিস্ট্রার খাতা রক্ষণাবেক্ষণসহ শিক্ষক ও কর্মচারীগণের ছুটির আবেদনপত্র ও ব্যক্তিগত ফাইল যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;

৯. সময় সময় দেয়ালিকা প্রকাশসহ মাদরাসার খালি জায়গায় ও বাড়ির আঙিনায় বৃক্ষরোপনের জন্য শিক্ষার্থীদের উদ্‌বুদ্ধ করতে হবে এবং মাদরাসার সকল অ্যালামনাইদের নাম, ঠিকানা, কর্মস্থল ও মোবাইল নম্বরসহ একটি পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুত করতে হবে;

১০. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

১৭/১০/২৬

(প্রফেসর ড. হুসাইন আহমাদ)
মাদরাসা পরিদর্শক (অ.দা)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ, জোলাগাতী ইসলামিয়া ফাজিল মাদরাসা
ডাকঘরঃ জোলাগাতী, উপজেলাঃ কাউখালী, জেলাঃ পিরোজপুর।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-৬২/২০১৬/১৫৯৪৪ তারিখ: ০১ কার্তিক ১৪৩৩ / ১৭ অক্টোবর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (অধিভুক্তি কমিটি ও একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (দায়িত্বপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, জোলাগাতী ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘরঃ জোলাগাতী, উপজেলাঃ কাউখালী, জেলাঃ পিরোজপুর।
৭. অফিস নথি।

17.10.2026

(আরিফ আহমদ)
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৭১৯ ৯৫০৭৭৫